

২০২৫

বাংলা — মাইনর

চতুর্থ সেমেস্টার

পত্র : MN-2

[বর্ণনামূলক ভাষাবিজ্ঞান ও বাংলা ভাষা - ১]

পূর্ণমান - ৭৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) ব্যঞ্জনধ্বনি কাকে বলে? উচ্চারণ-স্থান অনুযায়ী ব্যঞ্জনধ্বনিকে প্রধানত কী কী ভাগে বিভক্ত করা যায়? যে-কোনো চারটি বিভাগ বিশ্লেষণ করে দেখাও। ২+৩+১০

অথবা

- (খ) তৎসম, তদ্ভব এবং কৃতঋণ বা আগন্তুক শব্দের বৈশিষ্ট্য নির্দেশ করে উদাহরণসহ আলোচনা করো। ৫+৫+৫

- ২। (ক) নিম্নলিখিত যে-কোনো তিনটি বিষয়ে উদাহরণসহ আলোচনা করো—  
স্বরসঙ্গতি, মহাপ্রাণীভবন ও অল্পপ্রাণীভবন, বিষমীভবন, অপিনিহিতি, জোড়কলম শব্দ। ৫+৫+৫

অথবা

- (খ) বাংলার প্রধান উপভাষাগুলি কী কী? 'রাঢ়ী' ও 'বঙ্গালী' উপভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো। ৫+১০

- ৩। (ক) রূপগত বিচারে বাংলায় কারক কটি এবং কী কী? যে-কোনো একটি কারকের বিস্তারিত পরিচয় দাও। ৫+১০

অথবা

- (খ) বচন বলতে কী বোঝো? বাংলা ব্যাকরণে বচন কয়প্রকার ও কী কী? উদাহরণসহ প্রত্যেকটি বিভাগের পরিচয় দাও। ৩+৪+৮

- ৪। (ক) নিম্নলিখিত যে-কোনো একটি বিষয়ে উদাহরণসহ আলোচনা করো—  
ষোষ ও অষোষ ধ্বনি, মৌলিক স্বরধ্বনি, সম্মুখ স্বরধ্বনি। ৫

অথবা

- (খ) টীকা লেখো— দেশি শব্দ। ৫

Please Turn Over

(2832)

- ৫। (ক) যে-কোনো একটি বিষয়ে আলোচনা করো—  
অভিশ্রুতি, ক্ষতিপূরণ দীর্ঘাভবন। ৫
- অথবা**
- (খ) বাংলা ভাষায় শব্দার্থ পরিবর্তনের ধারাগুলি চিহ্নিত করে যে-কোনো একটি ধারা সম্পর্কে আলোচনা করো। ৫
- ৬। (ক) অনন্বয়ী অব্যয় সম্পর্কে একটি সংক্ষিপ্ত আলোচনা করো। ৫
- অথবা**
- (খ) ক্রিয়ার কাল বলতে কী বোঝায়? ক্রিয়ার কাল কত প্রকার ও কী কী? ১+৪
- ৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫
- (ক) 'অক্ষর' ও 'বর্ণের' একটি পার্থক্য নির্দেশ করো।
- (খ) 'দন্তমূলীয়' ধ্বনি কোনগুলো?
- (গ) দুটি তড়িত ধ্বনির উদাহরণ দাও।
- (ঘ) 'ঝাড়খণ্ডী' উপভাষার একটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।
- (ঙ) নিমন্ত্রণ > নেমন্তন্ন — কী জাতীয় পরিবর্তন?
- (চ) 'ধান' শব্দটির উৎস শব্দ লেখো।
- (ছ) 'আনারস' কোন ভাষা থেকে বাংলা শব্দভাণ্ডারে আগত?
- (জ) গলে জল হয়ে গেছে > জলে গল হয়ে গেছে।— ধ্বনি পরিবর্তনের কোন্ রীতি এখানে প্রযুক্ত হয়েছে?
- (ঝ) উত্তরবঙ্গে প্রচলিত উপভাষাটির নাম লেখো।
- (ঞ) 'অর্থসংকোচ'-এর একটি উদাহরণ দাও।
- (ট) 'নীলকণ্ঠ' শব্দের সমাস নির্ণয় করো।
- (ঠ) 'সন্দেশ' শব্দের অর্থপরিবর্তন দেখাও।
- (ড) 'অন্ধজনে দেহ আলো'— কারক ও বিভক্তি নির্দেশ করো।
- (ঢ) 'আমি করে থাকি'— বর্তমান কালের কোন্ রূপ?
- (ণ) 'আমি করে থাকব'— ভবিষ্যৎ কালের কোন্ রূপ?